

বার্ষিক প্রতিবেদন ২০১৫-২০১৬



আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)

ইউনেস্কো ক্যাটিগরি-২ ইনস্টিটিউট

সূচিপত্র

ইউনেস্কো ক্যাটিগরি-২ প্রতিষ্ঠান হিসেবে স্বীকৃতি লাভ
আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৬ উদ্‌যাপন

আন্তর্জাতিক সেমিনার
জাতীয় সেমিনার
শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা
লোকজ সাংস্কৃতিক অনুষ্ঠান

দি হিস্ট্রি অব লিথুয়ানিয়া গ্রন্থের বাংলা অনুবাদ প্রকাশ
লিথুয়ানিয়ান ল্যাঙ্গুয়েজ ইনস্টিটিউটের সঙ্গে সহযোগিতা-প্রটোকল স্বাক্ষর

বাংলাদেশের নৃভাষাবৈজ্ঞানিক সমীক্ষা কার্যক্রম

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট স্থাপন প্রকল্প
• প্রকল্প গ্রহণ

বিদেশি ভাষা প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন

প্রশিক্ষণ কর্মসূচি : কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ

ইন-হাউজ ট্রেনিং : অন দ্য জব ট্রেনিং কর্মসূচি

জুলাই ২০১৫ থেকে জুন ২০১৬ পর্যন্ত ব্যয় বিবরণী

- আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)
- আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট প্রকল্প (২য় পর্যায়)
- বাংলাদেশের নৃভাষাবৈজ্ঞানিক কর্মসূচি
- আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৬ উপলক্ষে প্রকাশিত স্মরণিকার প্রচ্ছদচিত্র

বার্ষিক প্রতিবেদন (২০১৫-২০১৬)

ইউনেস্কো ক্যাটিগরি-২ প্রতিষ্ঠান হিসেবে স্বীকৃতি লাভ

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ইউনেস্কোর ক্যাটিগরি-২ ইনস্টিটিউটের স্বীকৃতি লাভ করেছে। প্যারিসে ইউনেস্কোর সদরদপ্তরে সংস্থাটির সাধারণ সম্মেলনের ৩৮তম অধিবেশনে সর্বসম্মতভাবে এ সিদ্ধান্ত গৃহীত হয়। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, এমপি বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব দেন। ক্যাটিগরি-২ ইনস্টিটিউট হিসেবে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ইউনেস্কো পরিচালিত 'মাতৃভাষা-আশ্রয়ী শিক্ষা', 'টেকসই উন্নয়নের জন্য শিক্ষা' ইত্যাদি কার্যক্রমে সহযোগী প্রতিষ্ঠান হিসেবে কাজ করার সুযোগ পাবে।



মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ইউনেস্কো ক্যাটিগরি-২ প্রতিষ্ঠানের স্বীকৃতি লাভের চুক্তিপত্র হস্তান্তর করছেন মাননীয় শিক্ষামন্ত্রী। এ সময় উপস্থিত ছিলেন ইউনেস্কোর ঢাকা অফিস প্রধান বিয়েট্রিস কালডুন

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৬ উদযাপন

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৬ যথাযোগ্য মর্যাদায় পালিত হয়। এ উপলক্ষে চার দিনব্যাপী অনুষ্ঠানমালার আয়োজন করা হয়। একুশে ফেব্রুয়ারি বিকাল ০৩:৩০টায় উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের প্রধান পৃষ্ঠপোষক এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।



একুশে ফেব্রুয়ারি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৬ উদযাপনের চার দিনব্যাপী অনুষ্ঠানমালার উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও অন্যান্য অতিথিবৃন্দ

আন্তর্জাতিক ও জাতীয় সেমিনার

আন্তর্জাতিক সেমিনার

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে ২২ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে দুটি বিষয়ে আন্তর্জাতিক সেমিনার অনুষ্ঠিত হয়। বিষয় দুটি হলো:

- To Promote the Dynamic Linkages between Practices of Mother Language(s) and Literature.*
- Impact of ICT on the Mother Tongue-based Education of the Developing Countries.*

জাতীয় সেমিনার

২৩ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে দুটি বিষয়ে জাতীয় সেমিনার অনুষ্ঠিত হয়। প্রথম অধিবেশনে উপস্থাপিত প্রবন্ধ দুটির বিষয় হলো:

- একুশ শতকে বাংলাদেশে বাংলাভাষা-পরিস্থিতি।
- একুশ শতকে বাংলাদেশে ইংরেজি ভাষা-পরিস্থিতি।

দ্বিতীয় অধিবেশনে নিম্নোক্ত দুটি বিষয়ে প্রবন্ধ উপস্থাপিত হয়:

১. একুশ শতকে বাংলাদেশে বাংলা উপভাষা-পরিস্থিতি।
২. একুশ শতকে বাংলাদেশে নৃভাষা-পরিস্থিতি।

শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা

২৪ ফেব্রুয়ারি ২০১৬ আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট চত্বরে শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়। ইউনেস্কো এএসপি নেটভুক্ত স্কুল, অন্যান্য সরকারি-বেসরকারি স্কুল এবং বাংলাদেশে অবস্থিত বিদেশি মিশন/হাইকমিশন/দূতাবাস সব মিলিয়ে ১৫০ জন শিশু এতে অংশগ্রহণ করে।

লোকজ সাংস্কৃতিক অনুষ্ঠান

শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৬ অনুষ্ঠানমালায় ২৪শে ফেব্রুয়ারি বিকেল ০৪:৩০টায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে দেশীয়, নৃগোষ্ঠীয় ও রাশিয়ান দূতাবাসের শিল্পীদের অংশগ্রহণে লোকজ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

দি হিস্ট্রি অব লিথুয়ানিয়া গ্রন্থের বাংলা অনুবাদ

বাংলাদেশ ও লিথুয়ানিয়ার জাতিগত ও ভাষাগত সাদৃশ্যের মেলবন্ধনস্বরূপ *দি হিস্ট্রি অব লিথুয়ানিয়া* গ্রন্থের বাংলা অনুবাদ *লিথুয়ানিয়ার ইতিহাস* আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট থেকে প্রকাশিত হয়। ইনস্টিটিউটের মিলনায়তনে ১০ মার্চ ২০১৬ গ্রন্থটির আনুষ্ঠানিক প্রকাশনার উদ্বোধন করা হয়।



wj_yqvw bqvi BwZnvm গ্রন্থের প্রকাশনা অনুষ্ঠানে মোড়ক উন্মোচন করছেন অতিথিবৃন্দ

লিথুয়ানিয়ান ল্যাঙ্গুয়েজ ইনস্টিটিউটের সঙ্গে সহযোগিতা-প্রটোকল স্বাক্ষর

লিথুয়ানিয়ান ল্যাঙ্গুয়েজ ইনস্টিটিউটের সঙ্গে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের সহযোগিতা-প্রটোকল স্বাক্ষরিত হয়। এতে স্ব স্ব প্রতিষ্ঠানের পক্ষে স্বাক্ষর করেন আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের মহাপরিচালক অধ্যাপক ড. জীনাত ইমতিয়াজ আলী এবং লিথুয়ানিয়ান ল্যাঙ্গুয়েজ ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. এলেনা জোলানতা জার্বের্সকাইতে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পররাষ্ট্রমন্ত্রী জনাব আবুল হাসান মাহমুদ আলী, এমপি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী লিথুয়ানিয়ার সংস্কৃতি বিষয়ক মাননীয় মন্ত্রী সারুনাশ বিরুতিস। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন) জনাব এ এস মাহমুদ।



আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ও লিথুয়ানিয়ান ল্যাঙ্গুয়েজ ইনস্টিটিউটের মহাপরিচালকদ্বয় সহযোগিতা প্রটোকল স্বাক্ষর করছেন

বাংলাদেশের নৃভাষাবৈজ্ঞানিক সমীক্ষা কার্যক্রম

বাংলাদেশের নৃভাষাবৈজ্ঞানিক সমীক্ষার মাঠপর্যায়ে তথ্য সংগ্রহের কাজ শেষ হয়েছে। বর্তমানে চূড়ান্ত প্রতিবেদন প্রকাশের কাজ চলছে। এ সমীক্ষা কার্যক্রমের আওতায় ভাষা ও নৃগোষ্ঠী সংক্রান্ত প্রতিবেদন মোট ১০ (দশ) খণ্ডে বাংলায় এবং ১০ (দশ) খণ্ডে ইংরেজিতে (অনুবাদ) গ্রন্থাকারে প্রকাশিত হবে।

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট স্থাপন প্রকল্প

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট স্থাপন (২য় পর্যায়) প্রকল্প বর্তমানে চলমান। প্রকল্পটির আওতায় ৪র্থ তলা থেকে ৬ষ্ঠ তলা পর্যন্ত অবকাঠামো নির্মিত হয়েছে। বর্তমানে এর অভ্যন্তরীণ সাজ-সজ্জার কাজসহ লাইব্রেরি অটোমেশন, ভাষা-জাদুঘর ও আর্কাইভ ডিজিটাইজেশনের কাজ চলছে। এজন্য ধার্য মোট প্রকল্প ব্যয় ৫৪৭৭.০০ লক্ষ টাকা।

প্রকল্প গ্রহণ

ইনস্টিটিউট ভবনের ৭ তলা থেকে ১২ তলা নির্মাণের লক্ষ্যে ৫২২৫.০০ লাখ টাকা ব্যয়ে (প্রাক্কলিত) 'আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট স্থাপন প্রকল্প (৩য় পর্যায়)' প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এ প্রকল্প প্রস্তাবে অন্তর্ভুক্ত বিষয় হলো সকল মাতৃভাষার সংরক্ষণ, উন্নয়ন, গবেষণা ও প্রশিক্ষণ। এছাড়া ৩৯২০.৩৪ লাখ টাকা প্রাক্কলিত ব্যয়ে "TOP TEN LIVING AND TEN DYING LANGUAGES PROJECT (TTL & TDL)" শিরোনামে একটি প্রকল্প প্রস্তাবও মন্ত্রণালয়ে প্রেরণ

বিদেশি ভাষা প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন

বিদেশিদের বাংলা ভাষা প্রশিক্ষণ এবং সেইসঙ্গে সবার জন্য বিদেশি ভাষা প্রশিক্ষণের লক্ষ্যে ফরেন ল্যাঙ্গুয়েজ ট্রেনিং সেন্টার (এফএলটিসি)-এর উদ্যোগে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের ৪র্থ তলায় স্থাপিত হয়েছে একটি বিদেশি ভাষা প্রশিক্ষণ কেন্দ্র। আন্তর্জাতিক মানের এই প্রশিক্ষণ ল্যাবে দেশি-বিদেশি প্রায় ৩০ জন শিক্ষার্থী একসঙ্গে প্রশিক্ষণ গ্রহণ করতে পারবে। বর্তমানে এখানে আরবি ও ইংরেজি ভাষা প্রশিক্ষণের কার্যক্রম চলছে।

প্রশিক্ষণ কর্মসূচি

কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ

সরকারি বিভিন্ন মন্ত্রণালয়/অধিদপ্তর/দপ্তরসমূহে কর্মরত ১ম শ্রেণির কর্মকর্তাদের দাপ্তরিক কাজে বাংলাভাষার যথাযথ ব্যবহার ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট কর্তৃক 'সরকারি কর্মকর্তা/কর্মচারীদের দাপ্তরিক কাজে ও যোগাযোগ মাধ্যমে বাংলাভাষার ব্যবহার' শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এ কর্মসূচির আওতায় প্রথম (২১-২৪ এপ্রিল ২০১৬) এবং দ্বিতীয় (১৯-২৩ জুন ২০১৬) ব্যাচে মোট ৩৯জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ভাষাবিজ্ঞানী, ভাষা বিশেষজ্ঞ, মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তা, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, আইটি বিশেষজ্ঞ ও আমাই-এর ফ্যাকাল্টিসহ প্রশিক্ষণে বিশেষজ্ঞগণ সেশন পরিচালনা করেন। প্রশিক্ষণের বিষয়গুলি হলো- বাংলা উচ্চারণ ও আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার ব্যবহার এবং লিখনবিধির সাহায্যে বাংলা শব্দের উচ্চারণ নির্দেশ; প্রমিত বাংলা বানানের নিয়ম; দাপ্তরিক কাজে পরিভাষার ব্যবহার; সরকারি যোগাযোগ প্রক্রিয়ায় বাংলাভাষার প্রয়োগ-অপপ্রয়োগ; উপযুক্ত বিরামচিহ্নের ব্যবহার; তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে বাংলাভাষার ব্যবহার ইত্যাদি।

ইন-হাউজ ট্রেনিং

অন দ্য জব ট্রেনিং কর্মসূচি

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ২৯-১০ নভেম্বর ২০১৫ পর্যন্ত ১০ (দশ) দিনব্যাপী On The Job Training কর্মসূচি সম্পন্ন হয়। প্রশিক্ষণের বিষয়সমূহ হলো: অফিস ব্যবস্থাপনা, নথিলিখন, নথি-ব্যবস্থাপনা ও সংরক্ষণ, ছুটিবিধি, পেনশন ও আনুতোষিক, সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা ১৯৭৯, আউটসোর্সিং নীতিমালা, অগ্রীম মঞ্জুরি ইত্যাদি।

জুলাই ২০১৫ থেকে জুন ২০১৬ পর্যন্ত ব্যয় বিবরণী

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)

জুলাই ২০১৫ হতে জুন ২০১৬ পর্যন্ত ব্যয় বিবরণী					
কোড নং	খাত/ উপখাত	বরাদ্দ (সংশোধিত)	১ম+২য়+৩য়+৪র্থ	ব্যয়	অবশিষ্ট
৪৫০১	কর্মরত কর্মকর্তাদের বেতন	৪৮০০০০০	৪৮০০০০০	৪৬৬৬৫৮৩.৯৭	১৩৩৪১৬.০৩
৪৬০১	কর্মচারীদের বেতন	১৬৫০০০০	১৬৫০০০০	১৬১৭৮৪৮.৮২	৩২১৫১.১৮
৪৭০১	মহার্ঘ ভাতা	০	০	০	০
৪৭০৫	বাড়ি ভাড়া ভাতা	১৬০০০০০	১৬০০০০০	১৫৮২০৫১.৫২	১৭৯৪৮.৪৮
৪৭০৯	শ্রান্তি বিনোদন ভাতা	৭৫০০০	৭৫০০০	৭০১০০	৪৯০০
৪৭১৩	উৎসব ভাতা	৭৫০০০০	৭৫০০০০	৮৭৯৭৩১	-১২৯৭৩১
৪৭১৭	চিকিৎসা ভাতা	৫০০০০	৫০০০০	১৫৮২০০	-১০৮২০০
৪৭৩৩	আপ্যায়ন ভাতা/ব্যয় নিয়ামক ভাতা	৫০০০০	৫০০০০	২১৬০০	২৮৪০০
৪৭৫৫	টিফিন ভাতা	৫০০০০	৫০০০০	২১৬০০	২৮৪০০
৪৭৬৫	যাতায়াত ভাতা	৫০০০০	৫০০০০	২১৬০০	২৮৪০০
৪৭৬৯	অতিরিক্ত কাজের ভাতা	২৫০০০	২৫০০০	০	২৫০০০
৪৭৭৩	শিক্ষাসহায়ক ভাতা	৫০০০০	৫০০০০	৩০৮০০	১৯২০০
৪৭৯৪	মোবাইল ভাতা	৫০০০০	৫০০০০	৩০৮০০	১৯২০০
৪৭৯৫	অন্যান্য ভাতা (প্রেষণ ও অনান্য)	১০০০০০০	১০০০০০০	৯৭৯৪৪১	২০৫৫৯
৪৮০১	ভ্রমণ ভাতা	৪০০০০০	৪০০০০০	৯১৩৮৫	৩০৮৬১৫
৪৮০৫	ওভার টাইম	১৫০০০০	১৫০০০০	১১৫৮৫১	৩৪১৪৯
৪৮১০	পৌরকর	৫০০০০	৫০০০০	০	৫০০০০
৪৮১১	ভূমিকর	৫০০০০	৫০০০০	৩৯১৪	৪৬০৮৬
৪৮১৬	টেলিফোন/টেলিগ্রাম	১৫০০০০	১৫০০০০	১০১৩৫৪	৪৮৬৪৬
৪৮১৭	ইন্টারনেট/ট্রেলেক্স/ফ্যাক্স	২৫০০০০	২৫০০০০	২৬৫৬৮৪	-১৫৬৮৪
৪৮১৯	পানি	১৫০০০০	১৫০০০০	১২৫৩৬২	২৪৬৬৩৮
৪৮২১	বিদ্যুৎ	২৪০০০০০	২৪০০০০০	২৩৮১১৪৫	১৮৮৫৫
৪৮২২	গ্যাস ও জ্বালানি	৪৫০০০০	৪৫০০০০	৩৫৫১০৭	৯৪৪৯৩
৪৮২৩	পেট্রোল ও লুব্রিক্যান্ট	৩০০০০০	৩০০০০০	২১৯৪৬০	৮০৫৪০
৪৮২৭	মুদ্রণ ও প্রকাশনা	২৫০০০০	২৫০০০০	২৪৯৮১৩	১৮৭
৪৮২৮	স্টেশনারি দ্রব্যাদি	১২৫০০০	১২৫০০০	৮৬৯৮২	৩৮০১৮
৪৮২৯	গবেষণা ব্যয়	০	০	০	০
৪৮৩১	বইপত্র সামগ্রী	২৫০০০০	২৫০০০০	২৫০০৪৫	-৪৫
৪৮৩৩	প্রচার ও বিজ্ঞাপন	২০০০০০	২০০০০০	০	২০০০০০
৪৮৩৬	ইউনিফর্ম	৫০০০০	৫০০০০	৫০০০০	০
৪৮৪০	প্রশিক্ষণ ব্যয়	৬০০০০০	৬০০০০০	৫২১৫৭২	৭৮৪২৮
৪৮৪২	সেমিনার, কনফারেন্স	৬০০০০০	৬০০০০০	৫৯১১৭৯	৮৮২১
৪৮৪৫	আপ্যায়ন ব্যয়	১৫০০০০	১৫০০০০	১০০৪১৮	৪৯৫৮২
৪৮৫১	প্রমিক মজুরি	৫০০০০	৫০০০০	২৫৪০০	২৪৬০০
৪৮৮৩	সম্মানী	২০০০০০	২০০০০০	১১৫৫০০	৮৪৫০০
৪৮৮৮	কম্পিউটার সামগ্রী	২৫০০০০	২৫০০০০	২৪৯২৯৭	৭০৩
৪৮৯০	অনুষ্ঠান উৎসবাদি	৫০০০০০০	৫০০০০০০	৪১০৪০৬৫	৮৯৫৯৩৫
৪৮৯৯	অন্যান্য	২৫০০০০০	২৫০০০০০	২১৫২৬৬২	৩৪৭৩৩৮
৪৯০১	মটরযান মেরামত	২০০০০০	২০০০০০	১৪০২৪১	৫৯৭৫৯
৪৯১১	কম্পিউটার ও অফিস সরঞ্জাম মেরামত	১৫০০০০	১৫০০০০	১৪৬৩৭৫	৩৬২৫
৬৮১৫	কম্পিউটার ও যন্ত্রাংশ ক্রয়	২৭৫০০০	২৭৫০০০	২৭৫০০০	০
৬৮২১	আসবাবপত্র	১০০০০০	১০০০০০	১০০০০০	০
	ব্যাংক সার্ভিস চার্জ বাবদ কর্তন	০	০	১২৫০	-১২৫০
	সর্বমোট=	২৫৫০০০০০	২৫৫০০০০০	২২৮৯৮৯১৭.৩১	২৬০১০৮২.৬৯

আন্তর্জাতিক মাতৃভাষা ইনষ্টিটিউট স্থাপন প্রকল্প (২য় পর্যায়)

জুলাই ২০১৫ থেকে জুন ২০১৬ পর্যন্ত ব্যয় বিবরণী

কোড নং	খাত/ উপখাত	সংশোধিত বরাদ্দ	ব্যয়	অবশিষ্ট
৪৫০১	কর্মরত কর্মকর্তাদের বেতন	১০০০০০	৯০৬৭০	৯৩৩০
৪৬০১	কর্মচারীদের বেতন	১৫০০০০	১৩৯১৩৫	১০৮৬৫
৪৭০১	মহার্ঘ ভাতা	০	০	০
৪৭০৫	বাড়িভাড়া ভাতা	৯০০০০	৮৪৫০১	৫৪৯৯
৪৭০৯	শ্রান্তি বিনোদন ভাতা	০	০	০
৪৭১৩	উৎসব ভাতা	৬০০০০	৩৭৯০০	২২১০০
৪৭১৭	চিকিৎসা ভাতা	২৫০০০	১১৭৬৫	১৩২৩৫
৪৭৫৫	টিফিন ভাতা	৫০০০	১৯২১	৩০৭৯
৪৭৬৫	যাতায়াত ভাতা	৫০০০	১৯২১	৩০৭৯
৪৭৭৩	শিক্ষাসহায়ক ভাতা	৫০০০	১৬১	৪৮৩৯
৪৭৯৫	অন্যান্য ভাতা	৬০০০০	১৫৩৬০	৪৪৬৪০
৪৮০১	ভ্রমণ ভাতা	১১২২০০০	১১২১১০০	৯০০
৪৮০৫	ওভার টাইম	৬৫০০০	৬৪৮৪৩	১৫৭
৪৮২২	গ্যাস ও জ্বালানি	৮৫০০০	৮৩৭০১	১২৯৯
৪৮২৩	পেট্রোল ও লুব্রিক্যান্ট	৫৬০০০	৫৫০০১	৯৯৯
৪৮২৮	স্টেশনারি দ্রব্যাদি	০	০	০
৪৮৩৩	প্রচার ও বিজ্ঞাপন	১২০০০০	১১৮০৩৬	১৯৬৪
৪৮৩৬	ইউনিফর্ম	১৬০০০	১৬০০০	০
৪৮৪৫	আপ্যায়ন ব্যয়	২৪০০০	২৩৯৩৮	৬২
৪৮৫১	শ্রমিক মজুরি	১৫০০০	১৩২০০	১৮০০
৪৭৭৪	পরামর্শক (সিভিল)	২২৬০০০০	১৪৩৫০০০	৮২৫০০০
৪৮৮৩	সম্মানী	১৬০০০০	১৫১০০০	৯০০০
৪৮৮৮	কম্পিউটার সামগ্রী	১৬০০০০	১৫৭১০০	২৯০০
৪৮৯৯	অন্যান্য	১৫০৫০০০	১৫০৩০৩৪	১৯৬৬
৪৯০১	মটরযান মেরামত	১২০০০	১১৭৮১	২১৯
৪৯১১	কম্পিউটার ও অফিস সরঞ্জাম মেরামত	০	০	০
৬৮৪৯	মিউজিয়াম ও আর্কাইভ স্থাপন	৫০০০০০০	৫০০০০০০	০
৭০০৬	অফিস ভবন নির্মাণ	১১৮১৯৭০০০	১০৭৭৫৭১৪৭	১০৪৩৯৮৫৩
৭০৫৬	সোলার প্যানেল	১০০০০০০০	০	১০০০০০০০
৭০৮১	অন্যান্য	৫০০০০০	০	৫০০০০০
৭৯৮০	কন্টিনজেন্সি (ফিজিক্যাল)	৯৩৫৩০০০	০	৯৩৫৩০০০
৭৯৮০	কন্টিনজেন্সি (প্রাইস)	১১৬৫০০০০	০	১১৬৫০০০০
	ব্যাংক চার্জ কর্তন	০	১৬১৫০	-১৬১৫০
	সর্বমোট ব্যয় =	১৬০৮০০০০০	১১৭৯১০৩৬৫	৪২৮৮৯৬৩৫

জুলাই ২০১৫ থেকে জুন ২০১৬ পর্যন্ত ব্যয় বিবরণী
বাংলাদেশের নৃত্যাবৈজ্ঞানিক সমীক্ষা কর্মসূচি

কোড	খাতের নাম	২০১৫-২০১৬ অর্থবছরের বরাদ্দ	অর্থ অবমুক্তি (১ম+২য়+৩য়)	জুলাই ২০১৫ থেকে জুন ২০১৬ ব্যয়কৃত অর্থের পরিমাণ	অবশিষ্ট অর্থের পরিমাণ
৪৮২৭	গবেষণা পুস্তক মুদ্রণ ও প্রকাশনা	৫৫০০০০০.০০	৪১২৫০০০.০০	১৯০৪১১৮.০০	২২২০৮৮২.০০
৪৮২৯	অনুবাদ, এডিটিং, প্রফ রিভিউ ইত্যাদি	২৫৪০০০০.০০	১৯০৫০০০.০০	১৬০০০.০০	১৮৮৯০০০.০০
৪৮৩১	প্রমাণিকরণ (বই পত্র, সাময়িকী, দলিল)	৩০০০.০০	২২৫০.০০	০	২২৫০.০০
৪৮৪০	কর্মশালা ও প্রশিক্ষণ ব্যয়	৫০০০০০.০০	৩৭৫০০০.০০	১৮১৭৭০.০০	১৯৩২৩০.০০
৪৮৮৩	সম্মানী/ফি/পারিশ্রমিক	৫৯৩৬০০০.০০	৪৪৫২০০০.০০	৫৮৩৩৪৯৯.০০	(-) ১৩৮১৪৯৯.০০
৪৮৮৬	সার্ভে (মাঠকর্ম)	৭২০০০০০.০০	৫৪০০০০০.০০	৭৬২২৮৮৬.০০	(-) ২২২২৮৮৬.০০
৪৮৯৫	কমিটি মিটিং	৫০০০০০.০০	৩৭৫০০০.০০	৪৬৭৬৫৩.০০	৯২৬৫৩.০০
৪৮৯৯	আনুষঙ্গিক অন্যান্য ব্যয়	১৪৯৫০০০.০০	১১২১২৫০.০০	৯০৪৮১৪.০০	২১৬৪৩৬.০০
৬৮১৩	যন্ত্রপাতি	৫০০০০.০০	৩৭৫০০.০০	০	৩৭৫০০.০০
৬৮২১	অফিস সরঞ্জাম	৫০০০০.০০	৩৭৫০০.০০	২৫৩০০.০০	১২২০০.০০
	ব্যাংক চার্জ কর্তন			৮৯৩৮.০০	(-) ৮৯৩৮.০০
	সর্বমোট=	২৩৭৭৪০০০.০০	১৭৮৩০৫০০.০০	১৬৯৬৪৯৭৮.০০	৮৬৫৫২২.০০


আন্তর্জাতিক মাতৃভাষা
দিবস ২০১৬



MARTYRS' DAY
INTERNATIONAL MOTHER LANGUAGE DAY 2016



আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৬ উপলক্ষে প্রকাশিত স্মরণিকার প্রচ্ছদচিত্র



আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)

ইউনেস্কো ক্যাটিগরি-২ ইনস্টিটিউট

মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা ১০০০